

পাকিস্তানের সঙ্গে  
সম্পর্ক না রাখার  
সিদ্ধান্ত রোকেয়া  
বিশ্ববিদ্যালয়ের

রংপুর অফিস ৮

পাকিস্তানের সঙ্গে একাডেমিক, পেশাগত ও গবেষণাবিষয়ক কোনো ধরনের সম্পর্ক না রাখার সিদ্ধান্ত নিয়েছে রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়। গতকাল রবিবার উপাচার্য অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৭তম সভায় এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উপাচার্য জানান, পাকিস্তানের নানা বিতর্কিত কার্যক্রম প্রমাণ করে তারা এখনো বাংলাদেশের অস্তিত্ব স্বীকার করে না। একাত্তরে পাকিস্তানি সেনারা বাঙালিদের ওপর যে বর্বর হামলা চালিয়েছে, তারা এখনো সেই ভুল স্বীকার করে না। সেই সময়ের ক্ষতিপূরণও তারা এখনো দেয়নি। সর্বশেষ একাত্তরের মানবতাবিরোধী অপরাধীদের বিচার নিয়েও দেশটি নানা বিতর্কিত বক্তব্য দিয়ে আসছে। সুতরাং পাকিস্তান যত দিন তাদের কৃতকর্মের ভুল স্বীকার না করবে, তত দিন পর্যন্ত তাদের সঙ্গে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কোনো সম্পর্ক থাকবে না। এমনকি পাকিস্তানের কোনো জার্নালে প্রকাশিত প্রবন্ধ-এই বিশ্ববিদ্যালয়ে গ্রহণযোগ্য হবে না। একইভাবে পাকিস্তান থেকে কেউ প্রবন্ধ পাঠালেও তা এই বিশ্ববিদ্যালয়ের কোনো জার্নালে প্রকাশ করা হবে না।

রোকেয়া স্মৃতি পদক পেলেন উপাচার্য : দেশে শিক্ষা বিস্তারে বিশেষ অবদান রাখায় 'রোকেয়া স্মৃতি পদক ২০১৫' পেয়েছেন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ কে এম নূর-উন-নবী। বাংলাদেশ শিক্ষা পর্যবেক্ষক সোসাইটির উদ্যোগে সম্প্রতি তাঁকে এই পদক দেওয়া হয়। একই কারণে তিনি রংপুর রিপোর্টার্স ক্লাবের পক্ষ থেকেও 'মহীয়সী বেগম রোকেয়া স্মৃতি শিক্ষা পদক ২০১৫' লাভ করেন। পর পর দুটি পদক অর্জন করায় গতকাল সিন্ডিকেটের সভায় উপাচার্যকে অভিনন্দন জানানো হয়।